**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম

(শিক্ষা শাখা)

www.chittagong.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪২.১৫০০.৬০৩.৫২.০০১.১৭- **১০৫৮** তারিখঃ ২৩ নভেম্বর ২০১৭ খ্রিঃ

## ২০১৮ শিক্ষাবর্ষে চট্টগ্রাম মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষা মন্ত্রণালয়ের ১৫ নভেম্বর ২০১৭ তারিখের ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১-১১৮২ নং স্মারকে জারীকৃত সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ভর্তির নীতিমালা-২০১৭ অনুযায়ী চট্টগ্রাম মহানগরীর ৯টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ২০১৮ শিক্ষাবর্ষে ৫ম থেকে ৯ম শ্রেণিতে শূণ্য আসনে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে আবেদন আহ্বান করা যাচ্ছে।

২। **ভর্তির আবেদনের নিয়মাবলী :** Web ও SMS- এর মাধ্যমে ভর্তির আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করার বিস্তারিত নিয়মাবলি http://gsa.teletalk.com.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। ভর্তির আবেদন ফরমের মূল্য ১৭০/- টাকা।

৩। **আবেদনের সময়সীমা:**

i) Online -এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়ঃ ৩০/১১/২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ টা ।
ii) Online -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ১৪/১২/২০১৭ তারিখ দিবাগত রাত ১২.০০ টা পর্যন্ত ।
iii) শিক্ষার্থীরা প্রতি গ্রুপের যে কোন একটি বিদ্যালয়ে আবেদন করতে পারবে।

৪। **বিদ্যালয়ভিত্তিক শূণ্য আসনের তথ্য :**

| ক্র. | বিদ্যালয়ের নাম | শ্রেণিভিত্তিক শূণ্য আসনের তথ্য | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ধরণ | ৫ম | ৬ষ্ঠ | ৭ম | ৮ম | ৯ম | |
| | | | | | | | বিজ্ঞান | ব্যব.শিক্ষা |
| ০১ | চট্টগ্রাম কলেজিয়েট স্কুল | বালক | ৩২০ | - | - | - | ১৬০ | -- |
| ০২ | ডাঃ খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | বালিকা | ৩২০ | -- | -- | -- | -- | -- |
| ০৩ | গভ: মুসলিম হাই স্কুল | বালক | ১৬০ | ১৬০ | -- | ২৫ | ২০০ | -- |
| ০৪ | চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয় | বালক | ৩২০ | ৮০ | ৮০ | ৮০ | ৪০ | -- |
| ০৫ | নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয় | বালক | ১৬০ | ১৮৫ | -- | ৮৫ | ১৬০ | -- |
| ০৬ | চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | বালিকা | ১৬০ | ১৬০ | -- | -- | ৬০ | -- |
| ০৭ | ক) বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় | বালক | ১০০ | ১১০ | ৩০ | ৩০ | ২০ | ৪০ |
| | খ) বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় | বালিকা | ১০০ | ৩০ | ৩০ | ২৫ | ৪০ | ৪০ |
| ০৮ | হাজী মুহাম্মদ মহসিন সরকারি উচ্চ বিদ্যালয় | বালক | ১৬০ | ২০ | -- | -- | ৪০ | -- |
| ০৯ | সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | বালিকা | ২৪০ | -- | -- | -- | ৮০ | -- |
| | | **মোট =** | **২,০৪০** | **৭৪৫** | **১৪০** | **২৪৫** | **৮০০** | **৮০** |
| | | **সর্বমোট= ৪,০৫০ জন** | | | | | | |

৫। **ক্লাস্টার (গ্রুপ ) বিভাজন ও পরীক্ষার সময়সূচী :**

| গ্রুপ | বিদ্যালয় | তারিখ ও বার | শ্রেণি | পরীক্ষার সময় |
|---|---|---|---|---|
| **'ক' গ্রুপ** | ১. চট্টগ্রাম কলেজিয়েট স্কুল<br>২. বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয়(বালক শাখা)<br>৩. ডা: খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ১৯/১২/২০১৭<br>মঙ্গলবার | ৫ম , ৭ম ও ৮ম | সকাল ১০টা থেকে ১২টা |
| | | | ৬ষ্ঠ | বিকাল ০২ টা থেকে ০৪ টা |
| **'খ' গ্রুপ** | ১. নাসিরাবাদ সরকারি উচ্চ বিদ্যালয়<br>২. হাজী মুহাম্মদ মহসিন সরকারি উচ্চ বিদ্যালয়<br>৩. সিটি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় | ২৩/১২/২০১৭<br>শনিবার | ৫ম ও ৮ম | সকাল ১০টা থেকে ১২টা |
| | | | ৬ষ্ঠ | বিকাল ০২ টা থেকে ০৪ টা |
| **'গ' গ্রুপ** | ১. গভ. মুসলিম হাই স্কুল<br>২. চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়<br>৩. চট্টগ্রাম সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়<br>৪. বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় (বালিকা শাখা)) | ২৭/১২/২০১৭<br>বুধবার | ৫ম , ৭ম ও ৮ম | সকাল ১০টা থেকে ১২টা |
| | | | ৬ষ্ঠ | বিকাল ০২ টা থেকে ০৪ টা |

৬। **ভর্তি পরীক্ষার মানবন্টন ও পরীক্ষা সময় :** ৫ম থেকে ৮ম শ্রেণী : বাংলা-৩০, ইংরেজি-৩০ ও গণিত- ৪০; মোট-১০০, পরীক্ষার সময়ঃ ২ ঘন্টা।

৭। **৯ম শ্রেণীর ভর্তি পরীক্ষা সংক্রান্ত :** ক) শূণ্য আসনের বিপরীতে নির্ধারিত সময়ের মধ্যেই আগ্রহী শিক্ষার্থীদের আবেদন করতে হবে।

খ) নবম শ্রেণীতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে না।আবেদনকারী শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি/সমমানের পরীক্ষার ফলাফলের প্রকাশের পর সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড কর্তৃক তৈরিকৃত গ্রেডেশন তালিকার ভিত্তিতে মেধাক্রম অনুসারে শিক্ষার্থী নির্বাচন করা হবে।

৮। **ভর্তি পরীক্ষার আসন বিন্যাস :** প্রবেশপত্রে, সংশ্লিষ্ট বিদ্যালয়ের নোটিশ বোর্ড ও www.chittagong.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

৯।**ফলাফল প্রকাশ :** নির্দিষ্ট তারিখে পরীক্ষা গ্রহণ শেষে স্কুলভিত্তিক শ্রেণীসমূহের ফলাফল যতদ্রুত সম্ভব প্রকাশ করা হবে এবং ফলাফল সংশ্লিষ্ট বিদ্যালয়ের নোটিশ বোর্ড ও www.chittagong.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে।

**১০। কোটা সংরক্ষণ** :

(ক) সরকারি বিধি মোতাবেক মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি কোটা (৫%), প্রতিবন্ধী কোটা (২%) এবং চট্টগ্রাম মহানগর এলাকাধীন সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্তানদের (২%) কোটা অনুসরণ করা হবে।

(খ) ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে। তবে সরকারি উচ্চ বিদ্যালয় সংযুক্ত পঞ্চম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীরা এ কোটার সুযোগ পাবে না।

(গ) (১) মুক্তিযোদ্ধা প্রমাণের ক্ষেত্রে ১. লাল মুক্তিবার্তা তালিকা, ২. ভারতীয় তালিকা, ৩. মাননীয় প্রধানমন্ত্রী স্বাক্ষরিত সনদ, ৪. গেজেট, ৫. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সাময়িক সনদ থাকতে হবে।

(২) মুক্তিযোদ্ধার সন্তান প্রমাণের ক্ষেত্রে উপরিউক্ত ক্রমিক নম্বর ১০(গ)(১) এ বর্ণিত কাগজপত্রাদিসহ ১. এসএসসি সনদ, ২. জাতীয় পরিচয় পত্র, ৩. জন্ম নিবন্ধন সনদ, ৪. ওয়ারিশ সনদ (প্রযোজ্য ক্ষেত্রে) থাকতে হবে।

(৩) মুক্তিযোদ্ধার নাতি-নাতনি প্রমাণের ক্ষেত্রে উপরিউক্ত ক্রমিক নম্বর ১০ এর (গ) (১) ও (২) এ বর্ণিত কাগজপত্রাদিসহ ১. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ ২. স্থানীয় ইউপি চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধার সাথে সম্পর্কের সমর্থনে প্রত্যয়ন পত্র থাকতে হবে।

(ঘ) প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে ১. উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর প্রদত্ত সনদ ও প্রতিবন্ধী আইডি কার্ড , যা ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশের পূর্বের ইস্যুকৃত হতে হবে। ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে।

(ঙ) সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা/কর্মচারীর সন্তান কোটা প্রমাণের ক্ষেত্রে ১. শিক্ষার্থীর পিতা-মাতা চট্টগ্রাম মহানগরের যে শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্র এবং ২. শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ থাকতে হবে।

**১১। কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শন ও সাক্ষাৎকার** : যে সকল শিক্ষার্থী বিভিন্ন শ্রেণিতে কোটায় নির্বাচিত হবে তাদেরকে ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পরের দিন সকাল ১০.০০ ঘটিকায় প্রয়োজনীয় কাগজপত্রাদির মূল কপিসহ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), চট্টগ্রাম এর নিকট সাক্ষাৎকার-এ উপস্থিত হতে হবে। যথাসময়ে প্রয়োজনীয় কাগজপত্রাদি প্রদর্শনে ব্যর্থ হলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।

**১২। শিফট নির্ধারণ** : উভয় শিফ্টে ভর্তির ক্ষেত্রে উত্তীর্ণ শিক্ষার্থীদের মেধাক্রমের বিজোড় সংখ্যা অনুযায়ী মর্নিং শিফ্ট এবং জোড় সংখ্যা অনুযায়ী ডে-শিফ্ট নির্ধারিত হবে। এছাড়া উভয় শিফ্টে শিক্ষার্থীর সংখ্যা সমান না হলে যে শিফ্টে শিক্ষার্থীর সংখ্যা কম তার দ্বিগুণ সংখ্যক শিক্ষার্থীদের মধ্য হতে জোড়-বিজোড় অনুযায়ী শিফ্ট নির্ধারিত হবে। শুধুমাত্র একটি শিফ্টে ভর্তির ক্ষেত্রে এ শর্ত প্রযোজ্য হবে না।

**১৩। বিবিধ** :

(ক) অনলাইন আবেদনে ফরম পূরণে ভুল হলে শিক্ষার্থীরা পুণরায় ফি জমাদান সাপেক্ষে সঠিকভাবে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে সঠিক আবেদন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) পরীক্ষার হলে যে কোনো ইলেট্রনিক ডিভাইস যেমন: মোবাইল, ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

(গ) ভর্তি সংক্রান্তে জেলা ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(ঘ) ভর্তি সংক্রান্ত হেল্প লাইনঃ **০১৭২০-৬৯১৭৪৩, ০১৯৭১-২০৮৫৯১**

**মোঃ জিল্লুর রহমান চৌধুরী**
জেলা প্রশাসক
চট্টগ্রাম।